

খবর থেকে ছুড়া

খবরঃ চাল নিতে মাট্রাকের পিছনে ছুটতে থাকলে ছেলেট্রাকের চাকায় পিষ্ট.....

আপনারা সব কোথায়?

সেজান মাহমুদ

চারদলীয় জোটের ছিল
নিন্দা ভীষণ দুর্নীতির
আপনারা তাই এলেন বলে
পালটে দিতে সুর নীতির

আশার আলো দেখলো সবাই
ভাগ্য বুঝি খোলে!
সব আসরই গরম হলো
চমক দেয়া বোলে।

নোবেল পাওয়া ইউনুসজি
মান্য করি বড়!
সত্যি কথা বলতে আমি
হচ্ছি জড়োসড়-

দারিদ্রকে পাঠিয়ে দেবেন
কোন সে জাদুঘরে?
গরীব মায়ের ছেলে কেন
এমনি তবে মরে?

আপনারা সব কোথায় সাধু,
আপনারা সব কোথায়?
অনাহারী মানুষ দেখে
ভাবনা করে বোকায়
আমার দেশের স্বপ্নগুলো
এমনি খাবে পোকায়?

চাল পেয়েছে চাল পেয়েছে
চাল পেয়েছে মা
ট্রাকের তলায় পিষ্ট হলো
সেই মায়েরই ছা
ভাত হয়েছে ভাত হয়েছে
সরব হলো গাঁ
উনুন থেকে ভাতের হাড়ি
তোরাই খাবি, খা
সাধু তোরাই খাবি, খা ॥